

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/বিবিএ/ফলাফল/২৮৬/২০০৬/২৯১৬

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
..... আঞ্চলিক কেন্দ্র ।

বিষয় : BBA প্রোগ্রামের ২১২ টার্ম (২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম লেভেল) পরীক্ষার ফলাফল প্রেরণ প্রসঙ্গে ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত BBA প্রোগ্রামের ২১২ টার্ম (২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম লেভেল) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। প্রকাশিত বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল <https://bou.ac.bd> ঠিকানায় পাওয়া যাবে।

এই ফলাফলে অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে যারা ২২২ টার্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পুনঃ পরীক্ষার (নির্ধারিত হারে) ফি জমা দিয়ে ব্যাংক রশিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমা দিতে হবে। আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১৩/০১/২০২৫। পুনঃ পরীক্ষার্থীদের কোর্সভিত্তিক নামের তালিকা আগামী ১৫/০১/২০২৫ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। পূর্বে পাশকৃত অনূর্ধ্ব ২.৭৫ GP প্রাপ্ত কিন্তু চূড়ান্ত ভাবে উত্তীর্ণ হননি (CGPA প্রাপ্ত হননি) গ্রেড উন্নয়নে ইচ্ছুক একরূপ পরীক্ষার্থীদের আলাদা তালিকায় মন্তব্য অংশে **Grade Improvement** উল্লেখ করতে হবে। রি-রেজিস্ট্রেশন, ডি-নোভো রেজিস্ট্রেশন ও মানোন্নয়ন প্রত্যাশী শিক্ষার্থীদের আলাদা তালিকা একই সময়ে প্রেরণ করতে হবে। তালিকার একটি Soft Copy e-mail যোগে controller@bou.ac.bd ও mominstat03@gmail.com ঠিকানায় প্রেরণের অনুরোধ জানানো হলো।

পরীক্ষার ফলাফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে তা আগামী ১৯/১২/২০২৪ তারিখের মধ্যে সরাসরি পরীক্ষা বিভাগে পৌঁছাতে হবে। উল্লিখিত সময়ের পরে পরীক্ষা সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবেনা।

ধন্যবাদান্তে,

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১. ডীন, স্কুল অব বিজনেস, বাউবি।
২. সমন্বয়কারী, বিবিএ প্রোগ্রাম.....স্টাডি সেন্টার, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. উপ আঞ্চলিক পরিচালক, পাবনা/দিনাজপুর উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৫. উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর [উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য] বাউবি।
৬. সংরক্ষণ নথি।